

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

(অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩ এর ১২ (৩) ধারা অনুযায়ী)



ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড

প্রধান কার্যালয় : ক্যামেলিয়া হাউস,
২২ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড (সাবেক ইউনাইটেড লীজিং কোম্পানী লিমিটেড)-এর ঋণগ্রহীতা মেসার্স সাকিবর এন্টারপ্রাইজ, উহার আইনানুগ প্রতিনিধি মোঃ সামসুল আলম, পিতা-মোঃ বাহাদুর আলী, ব্যবসায়িক ঠিকানা : হরিনচড়া বিশ্বরোড বাজার, ডাকঘর-শলী বাজার, থানা-উল্লাপাড়া, জেলা-সিরাজগঞ্জ। স্থায়ী ঠিকানা : ভট্টমারুড়িয়া, ডাকঘর-আলিদহ, থানা-উল্লাপাড়া, জেলা-সিরাজগঞ্জ এর নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি দায়বদ্ধ আছে, যাহা বিক্রয়ের সম্পূর্ণ ক্ষমতা ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড বহন করে। উক্ত ঋণ গ্রহীতার নিকট বর্তমানে খেলাপী পাওনার পরিমাণ সুদাসলে ৳ ৬,৮৪,৮৩২.৮৮ (ছয় লক্ষ চরশি হাজার আটশত বত্রিশ টাকা আটশি পয়সা) মাত্র (১৫/০২/২০২৩ ইং তারিখ পর্যন্ত হিসাব অনুযায়ী); যাহা হাল নাগাদ সুদসহ পরিশোধের জন্য বার বার তাগিদ দেওয়া সত্ত্বেও সংশ্লিষ্ট ঋণ গ্রহীতা তা পরিশোধ করিতেছে না। এই প্রেক্ষিতে অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ (৩) ধারার বিধানে অর্পিত ক্ষমতায় নিম্ন তফসিলে বর্ণিত দায়বদ্ধ সম্পত্তি বিক্রয় পূর্বক পাওনা টাকা আদায়ের নিমিত্তে নিম্ন বর্ণিত শর্তে দরপত্র (টেডার) আহ্বান করা যাচ্ছে :

- ১) দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ৩০/০৩/২০২৩ ইং বিকাল ৩টা পর্যন্ত। দাখিলকৃত দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয় দরপত্র প্রস্তাব” উল্লেখ করিতে হইবে। দরপত্র সরাসরি নির্ধারিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় পর্যন্ত ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড এর অফিসে রক্ষিত বাস্কে অথবা রেজিস্টার্ড ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে নিম্ন ঠিকানায় নিকট পৌছাতে হবে। দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ঐ দিন বেলা ৩:০০ ঘটিকায় অফিসে দরদাতাগণ বা তাহাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে দরপত্র বাস্ক খোলা হবে।
- ২) দরপত্র দাতা উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% জামানতস্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের আকারে ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করতে হবে।
- ৩) অনূর্ধ্ব দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, উদ্ধৃত দর দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে, দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হলে উক্ত জামানতের টাকা প্রতিষ্ঠান বাজেয়াপ্ত করিবে।
- ৪) উপরোক্ত ৩ নং অনুচ্ছেদে এর অধীন জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করতে আহ্বান করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হওয়ার পর উপরোক্ত মতে নির্ধারিত সময়সীমার মধ্যে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ নিলাম দরদাতাকে সম্পূর্ণ নিলাম মূল্য পরিশোধ করতে হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা উক্ত সময়সীমার মধ্যে নিলাম মূল্য পরিশোধে ব্যর্থ হলে তাহার জামানতও বাজেয়াপ্ত হবে।
- ৫) সফল দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় ব্যয়সহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি বহন করিতে হইবে, ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড দরপত্রে তফসিল বর্ণিত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হলে দরপত্র প্রস্তাব বাতিল করতে পারবে। কোম্পানী কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন বা সকল দরপত্র গ্রহণ, শিথিল বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। গৃহীত হয় নাই এরূপ দরপত্র দাতাদেরকে তাহাদের জামানতের টাকা ফেরত দেয়া হবে।
- ৬) এই বিজ্ঞপ্তি এবং দরপত্র কোম্পানির ওয়েবসাইট www.unitedfinance.com.bd এ পাওয়া যাবে।

সম্পত্তির তফসিল

জেলা-সিরাজগঞ্জ, উপজেলা-উল্লাপাড়া, মৌজা-ভট্টমাঝিরা, জে.এল নং-২৩।

এস.এ খং নং	এস.এ দাগ নং	আর.এস খং নং	আর.এস দাগ নং	জমির পরিমাণ
১২	৩৩০	১৪০	৪৭৮	.১৬০০ একর ভূমি
২১	৫১	১৭	২৫১	.০৬২৫ একর ভূমি
৪৮	৪৮	৪	২৪৭	.১১৫০ একর ভূমি
৪৭	৫৩	৫১	২৪৯	.১৬০০ একর ভূমি
৪৮	৪৮	৯৩	২৪৬	.১৭৫০ একর ভূমি
৩৭	৪২	১১	২৬০	.১১০০ একর ভূমি

বন্ধকী হিসাবে পেশাকৃত সম্পত্তির পরিমাণ : মোট = .৭৮২৫ একর ভূমি

কর্তৃপক্ষ
ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড

দৈনিক ভোরের ডাক,
প্রকাশ : ০৯/০৩/২০২৩